দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 05 OCT 2016 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ২ ...

# সেরা ২০০ শিক্ষক পাচ্ছেন বিশেষ সম্মাননা

## কক্সবাজারে শিক্ষক সম্মেলন

■ **কক্সবাজার প্রতিনিধি**

বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে কক্সবাজারে অনুষ্ঠিত হচ্ছে তিনদিনব্যাপী শিক্ষক সম্মেলন। এতে সারাদেশের ৩৫০ জন শিক্ষক অংশ নিয়েছেন। সম্মেলনে বিভিন্ন ক্যাটাগরিতে এবার সেরা ২০০ শিক্ষককে বিশেষ সম্মাননা দেওয়া হবে। মঙ্গলবার দুপুরে জেলা প্রশাসক সম্মেলন কক্ষে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান প্রধানমন্ত্রী কার্যালয়ের এটুআই প্রকল্পের জনপ্রেক্ষিত বিশেষজ্ঞ নাঈমুজ্জামান মুক্তা।

তিনি বলেন, এবারও 'বিশ্ব শিক্ষক দিবস-২০১৬' উদযাপন উপলক্ষে প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগ্রাম, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং কক্সবাজার জেলা প্রশাসনের যৌথ উদ্যোগে ৪-৬ অক্টোবর শিক্ষক সম্মেলনের আয়োজন করা হয়েছে। সম্মেলনে এবারের প্রতিপাদ্য বিষয় নির্ধারণ করা হয়েছে 'শিক্ষকদের মূল্যায়ন, তাদের অবস্থার উন্নয়ন'। কক্সবাজার বিয়াম মিলনায়তনে এই সম্মেলনের আয়োজন করা হয়েছে। সম্মেলনে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক মো. আলী হোসেন, এটুআই প্রকল্পের ই-লার্নিং বিশেষজ্ঞ প্রফেসর ফারুক আহমেদ, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) সাইফুল ইসলাম মজুমদার, ভারপ্রাপ্ত জেলা শিক্ষা অফিসার রাম মোহন সেন, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার এবিএম সিদ্দিকুর রহমান প্রমুখ।